

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।
www.dls.bochaganj.dinajpur.gov.bd

স্মারক নং- ৩৩.০১.২৭২১.০০০.১৮.০০১.২১.৫৫২(১১)

তারিখঃ ০১/১২/২০২১ ইং।


নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নধীন “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প”-এর আওতায় অত্র বোচাগঞ্জ উপজেলায় ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট হতে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থীদের আগামী ০৯/১২/২০২১ ইং তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাদানের জন্য অনুরোধ করা হলো।

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহঃ

- ১) সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হতে হবে।
- ২) বয়স ২০-৪৫ বছর হতে হবে।
- ৩) কর্মঠ ও উদ্যোগী বেকার যুবক/যুব মহিলাদের অগ্রাধীকার দেওয়া হবে।
- ৪) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি বা সমমান পাস হতে হবে।
- ৫) প্রাণিসম্পদ অধিদপ্তর বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্তকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধীকার প্রদান করা হবে।
- ৬) ছাত্র/ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন করা হবে না।

সংযুক্ত কাগজপত্রঃ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্বের সার্টিফিকেট, এনআইডি কার্ডের সত্যায়িত ফটোকপি, ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।


1/12/21

(ডাঃ মোঃ আব্দুস ছালাম)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও

সদস্য সচিব
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি
বোচাগঞ্জ, দিনাজপুর।

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে টানানের জন্য অনুরোধ করা হলোঃ

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর।
- ২) উপজেলা নিবাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর।
- ৩) উপজেলা কৃষি অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর।
- ৪-৯) চেয়ারম্যান.....(সকল ইউনিয়ন পরিষদ, বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো), বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ

- ১) নোটিশ বোর্ড।
- ✓ অফিস কপি।


1/12/21

(ডাঃ মোঃ আব্দুস ছালাম)
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ও

সদস্য সচিব
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি
বোচাগঞ্জ, দিনাজপুর।